গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তরও ভেটেরিনারি হাসপাতাল
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং-৩৩.০১.৩৩৩৬.০০০.০০.০০৮.২২, তারিখ-০২/০৩/২০২২ইং

বিষয়ঃ- উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটির সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটির বিভাগীয় আলোচনা সভা আগামী ০৬ /০৩/২০২২ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ,কাপাসিয়া,গাজীপুর এর সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত আলোচনা সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ

(ডাঃ রাশেদুজ্জামান মিয়া)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কাপাসিয়া, গাজীপুর।
মোবাঃ ০১৭১২-৭৪৭২৪৫

স্মারক নং-৩৩.০১.৩৩৩৬.০০০.০০.০০৮.২২, তারিখ- ০৬/০৩/২০২২ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, কাপাসিয়া,গাজীপুর ও সভাপতি ,উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি।
২। সিনিঃ উপজেলা মৎস্য অফিসার ও সদস্য , উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি ,কাপাসিয়া,গাজীপুর।
৩-৬। চেয়ারম্যান, কাপাসিয়া/বারিষাব/সিংহশ্রী/ টোক, ইউনিয়ন পরিষদ ও সদস্য,উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটি, কাপাসিয়া,গাজীপুর।
৭। অফিস কপি।

(ডাঃ রাশেদুজ্জামান মিয়া)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কাপাসিয়া, গাজীপুর।
মোবাঃ ০১৭১২-৭৪৭২৪৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কাপাসিয়া, গাজীপুর।

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটির মাসিক সভার কার্যাবলী।

সভাপতি ঃ-জনাব মোঃ আসাদুজ্জামান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
তারিখঃ- ০৬/০৩/২০২২ইং
সময়ঃ-সকাল ১১.০০ঘটিকা
স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কাপাসিয়া, গাজীপুর।

সভায় উপস্থিত কর্মকর্তা/জনপ্রতিনিধিদের স্বাক্ষরের নামের তালিকা পরিশিষ্ট 'ক'তে উল্লেখ করা হলো।

উপস্থিত সকল কর্মকর্তা/ জনপ্রতিনিধিদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি প্রাণিসম্পদ বিভাগের নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়।

১ কাপাসিয়া উপজেলায় বে-সরকারীভাবে বিপুল সংখ্যক পোল্ট্রি ফার্ম ও ডেইরী ফার্ম স্থাপিত হয়েছে। বিশেষ করে পোল্ট্রি ফার্মে বায়োসিকিউরিটি কার্যক্রমের জন্য জীবানুনাশক ঔষধ জরুরী প্রয়োজন।খামারীদের সেবাদানের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিল দ্বারা জীবানুনাশক ঔষধ ক্রয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ ব্যাপারে সভাপতি সাহেককে প্রয়োজনীয় কার্যক্রম ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

২। অত্র উপজেলায় ২,৬৪,৭০০ এর অধিক গবাদি পশু রহিয়াছে। বর্তমানে মাংস উৎপাদনের জন্য ব্রাহমা জাত গবাদি পশুর সৃষ্টি হওয়ায় কাপাসিয়া উপজেলায় কৃষক/খামারীদের মধ্যে বিপুল উৎসাহ পরিলক্ষিত হচ্ছে। সদস্য সচিব জানান যে, ব্রাহমা জাতের প্রাপ্ত বয়স্ক ষাঁড় প্রায় ২০-২৫ মন ওজন হয়। তিনি সভাকে আরও জানান প্রাণিসম্পদ বিভাগ হতে যে পরিমান, কৃমিনাশক ঔষধ পাওয়া যায় তা-দ্বারা গরুর কৃমিমুক্ত করণ সম্ভব হয় নি। তাই কৃষক/খামারীদের গবাদি পশু কৃমিমুক্ত করনের জন্য উপজেলা পরিষদের উন্নযন সহায়ক তহবিল দ্বারা কৃমিনাশক ঔষধ ক্রয় করা এবং ইউনিয়ন পর্যায়ে ক্যাম্পেইন এর মাধ্যমে বিনামূলে কৃমিনাশক ঔষধ বিতরণ বিষয়ে সভায় আলাচনা করা হয়। এ ব্যাপারে সভাপতি সাহেবকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।

৩। অত্র উপজেলায় চারণভূমির অভাব থাকায় গো খাদ্যের সংকট দেখা যায়। গো-খাদ্য সংকট নিরসনের জন্য গবাদি পশুর খামারীদেরকে উন্নত জাতের ঘাসের প্লট স্থাপন করণ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা করা হয় ।তা ছাড়া উপজেলাধীন ইউনিয়ন পর্যায়ে বড় বড় রাস্তার দুই পার্শ্বের পতিত জায়গায় উন্নত জাতের নেপিয়ার ঘাস চাষের কর্মসূচীর গ্রহণ করা এবং খামারী ও কৃষকগণ তা-দের আওতাধীন স্বস্ব এলাকায় ঘাষ উৎপাদন ,সংরক্ষণ ও ব্যবহার করন বিষয়ে সচেতন করা ।এ ব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানগনের সদয়দৃষ্টি আকর্ষণ করা এবং যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি সাহেবকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আসাদুজ্জামান )
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং-৩৩.০১.৩৩৩৬.০০০.০০.০১৪.২০.
তারিখঃ ০৬/০৩/২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
২-৭। -------------------------------------------------- সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি, কাপাসিয়া, গাজীপুর।
৮। অফিস কপি।

(ডাঃ রাশেদুজ্জামান মিয়া)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কাপাসিয়া, গাজীপুর।